

পুলিশ যেতে না যেতেই গুলি বিনিময়

ভাসিটির তিনটি হলে তল্লাশী : কোন অস্ত্র পাওয়া যায়নি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনটি হলে শুক্রবার সকালে পুলিশ তল্লাশীর পরপরই দু'দল ছাত্রের মধ্যে গোলাগুলি হয়েছে।

পুলিশ সকাল ছয়টায় জহরুল হক হল, সলিমুল্লাহ হল ও জগন্নাথ হল তল্লাশী চালায়। কিন্তু তল্লাশী শেষে পুলিশ হল ছেড়ে যাওয়ার পরপরই জহরুল হক হল ও সলিমুল্লাহ হল অবস্থানরত ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে গোলাগুলি শুরু হয়। দু'পক্ষের মধ্যে ১৫ রাউন্ডের মতো গুলি বিনিময় হয়। কোন হতাহতের খবর পাওয়া যায়নি।

এক ঘণ্টা ধরে তল্লাশী চালিয়ে পুলিশ তিনটি হল থেকে কোন অস্ত্রই উদ্ধার করতে পারেনি। তল্লাশী শেষে হল ছেড়ে যাওয়ার সময় গুলিবর্ষণ শুরু হলে পুলিশকে সলিমুল্লাহ হলের গেটে বিমূর্তভাবে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। গুলিবর্ষণ শুরু হওয়ার সঙ্গে সঙ্গে পুলিশ জহরুল হক হল থেকে বেরিয়ে যায় বলে প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানান।

আর আগে বৃহস্পতিবার মধ্যরাতেও জহরুল হক হল ও সলিমুল্লাহ হলের অস্ত্রধারীদের মধ্যে প্রচণ্ড গুলি বিনিময় হয়। (আটের পাতায় ৫-এর কঃ ঘঃ)

ভাসিটির তিনটি হলে

(প্রথম পৃষ্ঠার পর)

গভীর রাতে গোলাগুলির শব্দে ছাত্ররা ভয়ে ছেগে ওঠে।

বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নিয়ন্ত্রিত তিনটি হলে এখনো তীব্র উত্তেজনা বিরাজ করছে। জহরুল হক হল এখনো বিদ্রোহী আওয়ামী লীগ নেতা মোস্তফা মহসীন মন্টুর সমর্থনপুষ্ট থার্ড ওয়ার্ড গ্রুপের দখলে রয়েছে। জহরুল হক হল থেকে বিতাড়িত ফরিদপুর-বরিশাল গ্রুপের ছাত্রলীগ কর্মীরা সলিমুল্লাহ হল ও জগন্নাথ হল এসে আশ্রয় নিয়েছে।

ছাত্রলীগ (ম-ই) সভাপতি মইনুদ্দিন হাসান চৌধুরী এবং সাধারণ সম্পাদক ইকবালুর রহিম এক যুক্ত বিবৃতিতে জহরুল হক হল 'লোক দেবানো' দায়সারী গোছের পুলিশ তল্লাশীতে ক্ষোভ প্রকাশ করেছেন।

নেতৃত্ব অভিযোগ করেন যে, তল্লাশীর সময় পুলিশের সামনেই বাদলের হত্যা-কারীরা ঘুরে বেড়ায়, কিন্তু পুলিশ এ ব্যাপারে নির্লিপ্ত ছিল।

পুলিশ যখন ক্রান্ত

তল্লাশী শেষে পুলিশ তখন হল ছেড়ে যাচ্ছে। এক ঘণ্টা ধরে কয়েকশত পুলিশ অস্ত্র এবং অস্ত্রধারীদের সন্ধানে তন্নতন করে খুঁজছে প্রতিটি রুম, ডাইনিং হল, ছাদ, লন এবং হলের আশেপাশের এলাকা। না, হলে কোন অস্ত্রশস্ত্র নেই, সেই সঙ্গে উধাও হয়ে গেছে অস্ত্রধারীরা।

কিন্তু পুলিশ হল গেটের বাইরে পা দেয়ার সঙ্গে সঙ্গে 'যাদুমন্ত্র বলে' মঞ্চে আবির্ভূত হলো তারা। হাতে চকচকে আগ্নেয়াস্ত্র। গুলি ছুঁড়ে 'বিদায়' জানালো পুলিশ বাহিনীকে।

শুক্রবার সকালে এই একই দৃশ্য অভিনীত হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ হল এবং জহরুল হক হল।

গত কয়েকদিন ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনটি হলে অস্ত্রধারীদের তৎপরতা এবং বিভিন্ন মহল থেকে এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবীর প্রেক্ষিতে শুক্রবার ভোরে পুলিশ তল্লাশী চালিয়েছিল তিনটি হলে। সকাল ছয়টা থেকে সাতটা পর্যন্ত জহরুল হক হল, সলিমুল্লাহ হল ও জগন্নাথ হল এই তল্লাশী অভিযানে অংশ নেয় শত শত পুলিশ। তন্নতন করে খোঁজা হয় প্রতিটি রুম। এক ঘণ্টা তল্লাশী চালিয়ে ক্রান্ত, হতাশ পুলিশের দল হল ছেড়ে যায়। পুলিশ হল গেট ছেড়ে যাওয়ার আগেই সলিমুল্লাহ হল এবং জহরুল হক হলে অস্ত্র হাতে কিছু তরুণকে দৌড়ানোড়ি করতে দেখা যায়। অস্ত্রধারীরা ফাঁকা গুলিবর্ষণ করে তাদের অস্তিত্ব ঘোষণা করে।